গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কক্সবাজার

# কক্সবাজার জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মুহম্মদ শাহীন ইমরান, জেলা প্রশাসক, কক্সবাজার |
| সভার তারিখ ও সময় | : ১৫ জুন ২০২৩ খ্রিস্টাব্দ, সকাল : ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : শহীদ এটিএম জাফর আলম সিএসপি সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার |
| সভার উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' সন্নিবেশিত |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সদস্য-সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য অনুরোধ করলে সদস্য সচিব, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কক্সবাজার সদস্যদের অবগতির জন্য বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। সদস্য সচিব সভাকে জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে প্রণোদনা কর্মসূচির আওতায় নারিকেল চারা বিতরণ বাবদ কৃষি মন্ত্রণালয়ের বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে নারিকেল চারা বিতরণের জন্য প্রণোদনা কর্মসূচির ০১টি বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য কক্সবাজার জেলায় নারিকেল চারা বিতরণ ব্যয় বাবদ ২৮,১২,৫০০/- (আটাশ লক্ষ বার হাজার পাঁচশত) টাকার অর্থ বরাদ্দ পাওয়া যায় (কপি সংযুক্ত)। এ বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৩.১৮২ তারিখঃ ০৬/০৬/২০২৩ খ্রিষ্টাব্দ মূলে জারিকৃত পত্রটি পাঠ করে শুনানো হয়।

উপস্থিত সদস্যগণ উপজেলার নারিকেল আবাদি উপর্যুক্ত জমির প্রকৃতি, মাটির ধরণ এবং এলাকার উপযোগিতার ভিত্তিতে প্রদত্ত নীতিমালা/বাস্তবায়ন পদ্ধতি (কপি সংযুক্ত) পালন সাপেক্ষে উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন। এছাড়া উপকূলীয় উপজেলাসমূহে অগ্রাধিকার ভিত্তিতে উপকার ভোগীর সংখ্যা বৃদ্ধির প্রস্তাব করেন। সদস্য সচিব বলেন যে, কক্সবাজার জেলায় ৫০০০ জন উপকারভোগীর কৃষকের জন্য ২৫০০০টি নারিকেল চারা প্রয়োজন। বিএডিসি হতে উক্ত চারা সংগ্রহ করতে হবে। কোন কারণে বিএডিসি নারিকেল চারা সরবরাহ করতে ব্যর্থ হলে পরিচালক, সরেজমিন উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা মহোদয়ের সাথে পরামর্শক্রমে উপর্যুক্ত উৎস্য হতে সংগ্রহ করতে হবে।
বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত নং-১ :** কক্সবাজার জেলায় দেশি জাতের নারিকেল চারা চাষের আগ্রহী উপকারভোগীকে ০৫ টি করে অথবা ১০ জন কৃষক নির্বাচন করা যাদের বসতবাড়ি পাশাপাশি বা একই পাড়ায় থাকবে এবং যারা দলবদ্ধভাবে কাজ করবে এমন কৃষকদের নির্বাচন করতে হবে। অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক পরিবারকে শুধুমাত্র বসতবাড়িতে নারিকেল চারা রোপনের জন্য প্রণোদনা সহায়তা প্রদান করা যাবে।

**ফসলের নাম : দেশি জাতের নারিকেল চারা**

| ক্রঃ নং | উপজেলার নাম | উপকারভোগীর কৃষকের সংখ্যা | চারার পরিমাণ (সংখ্যা) |
|---|---|---|---|
| ১ | চকরিয়া | ৭০০ | ৩৫০০ |
| ২ | পেকুয়া | ৫০০ | ২৫০০ |
| ৩ | রামু | ৬০০ | ৩০০০ |
| ৪ | সদর | ৭০০ | ৩৫০০ |
| ৫ | উখিয়া | ৫০০ | ২৫০০ |
| ৬ | টেকনাফ | ৯০০ | ৪৫০০ |
| ৭ | মহেশখালী | ৭০০ | ৩৫০০ |
| ৮ | কুতুবদিয়া | ৪০০ | ২০০০ |
| | **মোট** | **৫০০০** | **২৫০০০** |

**জনপ্রতি উপকরণ বা আর্থিক সহায়তা নিম্নরূপ- ফসল : দেশি জাতের নারিকেল চারা**

| ক্রঃ নং | উপকরণ/খাত | দেশি জাতের নারিকেল চারা (জন প্রতি খরচ) | |
|---|---|---|---|
| | | উপকরণ সহায়তা (সংখ্যা) | জন প্রতি আর্থিক সহায়তা (টাকা) |
| ১ | নারিকেল চারা | ০৫টি | ৫৫০/- (প্রতিটি চারার মূল্য ১১০ টাকা) |
| | মোট | ০৫টি | ৫৫০/- |

**ফসল: দেশি জাতের নারিকেল চারা**

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | ৩২৫১১০৯-বীজ ও চারা(টাকা) | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৭) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট (৫+৬) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ০ |
| ১ | চকরিয়া | ৭০০ | ৩৮৫০০০ | ৪২০০ | ৩৫০০ | ৭৭০০ | ৩৯২৭০০ |
| ২ | পেকুয়া | ৫০০ | ২৭৫০০০ | ৩০০০ | ২৫০০ | ৫৫০০ | ২৮০৫০০ |
| ৩ | রামু | ৬০০ | ৩৩০০০০ | ৩৫০০ | ৩০০০ | ৬৫০০ | ৩৩৬৫০০ |
| ৪ | সদর | ৭০০ | ৩৮৫০০০ | ৪০০০ | ৩৫০০ | ৭৫০০ | ৩৯২৫০০ |
| ৫ | উখিয়া | ৫০০ | ২৭৫০০০ | ৪০০০ | ২৫০০ | ৬৫০০ | ২৮১৫০০ |
| ৬ | টেকনাফ | ৯০০ | ৪৯৫০০০ | ৮৮০০ | ৪৫০০ | ১৩৩০০ | ৫০৮৩০০ |
| ৭ | মহেশখালী | ৭০০ | ৩৮৫০০০ | ৬০০০ | ৩৫০০ | ৯৫০০ | ৩৯৪৫০০ |
| ৮ | কুতুবদিয়া | ৪০০ | ২২০০০০ | ৪০০০ | ২০০০ | ৬০০০ | ২২৬০০০ |
| | **মোট** | **৫০০০** | ২৭৫০০০০ | ৩৭৫০০ | ২৫০০০ | ৬২৫০০ | ২৮১২৫০০ |

**সিদ্ধান্ত নং-২:** কর্মসূচির অর্থ জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স অফিসারের কার্যালয় ,কক্সবাজার হতে অগ্রিম উত্তোলন সাপেক্ষে যথাশীঘ্র উপকরণ ব্যয়, পরিবহন ও আনুষঙ্গিক খাতের অর্থ চেকের মাধ্যমে উপজেলায় প্রদানের সিদ্ধান্ত হয়।

**সিদ্ধান্ত নং-৩:** খরিপ/২০২২-২৩ মৌসুমে নারিকেল চাষে সহযোগিতার জন্য অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক ০৫টি করে নারিকেল চারা সহায়তা পাবেন এবং উপকরণ বিতরণে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কারিগরি সহায়তা প্রদান করবেন।

**সিদ্ধান্ত নং-৪:** উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক নারিকেল চারা বিতরণ করে মাস্টাররোলের কপি ও অর্থ খরচের সমন্বয় বিল/ভাউচার (প্রতিটির ০২ কপি) জেলা কমিটির সদস্য সচিবের নিকট প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০(দশ) কর্মদিবসের মধ্যে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক দাখিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**সিদ্ধান্ত নং-৫:** প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে মানসম্মত চারা বিতরণ ও রোপন সম্পর্কে নিয়মিত পরামর্শ/প্রশিক্ষণ প্রদানসহ উপসহকারি কৃষি কর্মকর্তা থেকে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন।

**সিদ্ধান্ত নং-৬:** প্রণোদনা কর্মসূচির দেশি জাতের নারিকেল চারা উপপরিচালক,এগ্রো সার্ভিস সেন্টার, বিএডিসি,লামা ও বালাঘাটা, বান্দরবান হতে সংগ্রহ করতে হবে। কোন কারণে বিএডিসি নারিকেল চারা সরবরাহ করতে ব্যর্থ হলে পরিচালক, সরেজমিন উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা মহোদয়ের সাথে পরামর্শক্রমে উপর্যুক্ত উৎস হতে সংগ্রহ করতে হবে।

**সিদ্ধান্ত নং-৭:** পরিবহন ব্যয় জেলা হতে উপজেলার দুরুত্ব ও ব্যয়ের বাস্তবতার নিরীখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত নং-৮:** ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA`2006 ও PPR`2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

**সিদ্ধান্ত নং-৯:** এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয়, সে বিষয়টি উপজেলা কৃষি অফিসারদের নিশ্চিত করতে হবে।

সভাপতি নারিকেল চারা বিতরণে যাতে কোন অনিয়ম না হয় সেদিকে সজাগ দৃষ্টি রেখে কর্মসূচির রোডম্যাপ (কৃষি পুনর্বাসনের পরিপত্র) অনুযায়ী যথাযথ বাস্তবায়নের জন্য সকলকে তাগিদ ও পরামর্শ প্রদান করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/০৬/২০২৬

মুহম্মদ শাহীন ইমরান
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার

স্মারক নং ঃ ১২.০১.২০২২.০৪১.৮২.০৭৮.২০-৪৮৪ (৮২) তারিখ ঃ ১৮/০৬/২০২৩ খ্রিঃ

অবগতি ও দ্রুত প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১। চেয়ারম্যান, ........................ উপজেলা পরিষদ (সকল), কক্সবাজার।

২। উপজেলা নির্বাহী অফিসার, ...................... (সকল), কক্সবাজার।

৩। উপজেলা কৃষি অফিসার, ........................ (সকল), কক্সবাজার।

৪। উপপরিচালক (এওসসি), এগ্রো সার্ভিস সেন্টার, বিএডিসি,লামা ও বালাঘাটা,বান্দরবান আপনাকে উপজেলা কৃষি অফিসার এর মনোনিত বাহককে প্রণোদনার প্রয়োজনীয় নারিকেল চারা সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে

১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
দৃষ্টি আকর্ষণে ঃ উপপরিচালক (মনিটরিং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।

২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।

৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।

৫। জেলা মৎস্য কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার

৬। জেলা ত্রান ও পুনর্বাসন কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।

স্বাক্ষরিত/-
মোঃ কবির হোসেন
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার।